UNIVERSITY OF CAMBRIDGE INTERNATIONAL EXAMINATIONS
General Certificate of Education Ordinary Level

**BENGALI** **3204/02**

Paper 2 Language Usage and Comprehension

May/June 2004

**1 hour 30 minutes**

Additional Materials: Answer Booklet/Paper

**READ THESE INSTRUCTIONS FIRST**

If you have been given an Answer Booklet, follow the instructions on the front cover of the Booklet.
Write your Centre number, index number and name on all the work you hand in.
Write in dark blue or black pen on both sides of the paper.
Do not use staples, paper clips, highlighters, glue or correction fluid.

Answer **all** questions.
The number of marks is given in brackets [ ] at the end of each question or part question.
At the end of the examination, fasten all your work securely together.

This document consists of **8** printed pages.

SP (SLM/TL) S65703/4
© UCLES 2004
UNIVERSITY of CAMBRIDGE International Examinations

**[Turn over**

www.theallpapers.com

## Section A
বিভাগ 'ক'

### A1 Separation of Words [10]

সন্ধি বিচ্ছেদ
নিচে দেওয়া শব্দগুলির সন্ধি বিচ্ছেদ কর।
উত্তরপত্রে তোমার উত্তর লেখ।

1 স্বাগত

2 নাবিক

3 কথামৃত

4 ততোধিক

5 নিশ্চিন্ত

### A2 Idioms, Proverbs and Words in Pairs [10]

বাগধারা, প্রবচন, জোড়া শব্দ

নিচে দেওয়া বাক্যগুলিতে একটি করে শূন্যস্থান দেওয়া আছে। শূন্যস্থানগুলি পূরণের জন্য নিচে দেওয়া উপযুক্ত বাগধারাটি / প্রবচনটি / জোড় শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।

6 এমন সুন্দরী মেয়ের এই বর, এ যে ____________________।

7 তোমার সেই ____________ কলম নিয়ে আমি কলেজে যেতে পারব না।

8 দুই ভাইয়ের মধ্যে এখন ____________________ সম্পর্ক।

9 প্রতিদিন সাবিহা ____________ করে সাড়ী পরে।

10 তপন খুব ____________ লোক, কাউকে কিছু বলতে তার মোটেই বাধে না।

(1) ঠোঁট কাটা

(2) অরণ্যে রোদন

(3) অদল-বদল

(4) মান্ধাতার আমল

(5) মগের মুলুক

(6) আদায় কাঁচকলায়

(7) টাকা পয়সার

(8) গরমিল

(9) বাঁদরের গলায় মুক্তার হার

(10) তীর্থের কাক



www.theallpapers.com

**A3 Sentence Transformation** [10]
বাক্য রূপান্তর

নিচের প্রত্যেকটি অসম্পূর্ণ বাক্যকে এমন ভাবে পূরণ কর যেন তার অর্থ ওপরের বাক্যটির অর্থ থেকে বদলে না যায়। উত্তরপত্রে সম্পূর্ণ বাক্য লিখবে।

**11** তুই কোন কাজই করতে পারিস না।
তোর দ্বারা ____________________

**12** শ্যামল বাবু ধনী হলেও দাতা নন।
শ্যামল বাবু ধনী, ____________________

**13** এই দৃশ্য ভাষায় বর্ণনা করা যায় না।
এ দৃশ্য ভাষায় ____________________

**14** বৃথা সময় নষ্ট করা উচিৎ না।
সময়ের ____________________

**15** জ্ঞানী ব্যক্তিকে সকলেই শ্রদ্ধা করে।
যিনি জ্ঞানী, তিনি ____________________


www.theallpapers.com

## A4 Cloze Passage [20]

ক্লোজ পরিচ্ছদ

এই অনুচ্ছেদটিতে শূণ্যস্থানগুলি পূরণের জন্য নিচে কিছু শব্দ দেওয়া হয়েছে। প্রত্যেকটি শূন্যস্থান পূরণের জন্য উপযুক্ত শব্দটি বেছে উত্তরপত্রে লেখ।

বিধাতার তৈরী আমাদের এই বিশাল আর ________ (16) পৃথিবীতে প্রকৃতির সমস্ত ________ (17) প্রতিটি মানুষের, রয়েছে স্বাভাবিক ________ (18) ও দাবী। এই দৃষ্টান্ত মানুষকে সাম্যের শিক্ষা দেয়, উদারতার শিক্ষা দেয়। পৃথিবীর পথে চলতে চলতে ________ (19) থেকে অন্য প্রান্তে পৌছে গেলেও মাথার ওপর নীল আকাশ ________ (20) না। জীবনের প্রতিটি মোড়ে, প্রতিটি মুহূর্তে আমরা প্রকৃতির উপর নির্ভর করে চলি। প্রকৃতি আর মানুষের মধ্যে নিবিড় আর ________ (21) সম্পর্ক। এটা চিরকালের সম্পর্ক। ফুল, পাখি, বাতাস, নদী মানুষের ________ (22) আর প্রয়োজনে অপরূপ পরিবেশ ________ (23). করেছে। এই সমতার বাণীই আমাদের প্রত্যেকের জীবনে প্রকৃত ________ (24)। তাই এই প্রকৃতি আর পরিবেশের যথাযথ সম্মান ও যত্নের গুরু ________ (25) বহন করার ভারও আমাদের।

| | | |
|---|---|---|
| (1) একপ্রান্ত | (6) সুন্দর | (11) শিক্ষা |
| (2) যাতায়াত | (7) আবিষ্কারক | (12) মাধ্যমে |
| (3) অধিকার | (8) মাটিতে | (13) দায়িত্ব |
| (4) আনন্দ | (9) সৃষ্টি | (14) সম্পদে |
| (5) অবিচ্ছেদ্য | (10) হারায় | (15) প্রাণী |



www.theallpapers.com

## Section B
বিভাগ খ

লেখাটি ভাল করে পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

ডিসেম্বর -জানুয়ারী মাসে ঢাকা শহরের প্রায় প্রতিটি রাস্তায় স্কুল কিংবা কিন্ডারগার্ডেনের গুণাগুণ বর্ণনা করে পোস্টার বা ব্যানার চোখে পড়বেই। রং বেরংএর কাপড়ে, নানা সাইজের পোস্টারে ঢাকার রাস্তার প্রতিটি মোড় আর দেয়াল দখল করে নিয়েছে অসংখ্য স্কুলের ভর্তির বিজ্ঞাপন। ভালো ভালো স্কুলগুলোর সামনে উদ্বেগসংকুল অভিভাবকদের জটলা এসময়ের স্বাভাবিক দৃশ্য।
প্রতি বছর কয়েক লক্ষ শিশু স্কুলে ভর্তির জন্য প্রস্তুত হচ্ছে দেশে। এদের একটা বড় অংশ ঢাকা শহরের। এখানে শিশুকে স্কুলে ভর্তি করানোর সমস্যাটি দিন দিন প্রকট হয়ে উঠছে। ভালো স্কুল তো দূরের কথা, শিশুকে যেন তেন একটি স্কুলে ভর্তি করাতেও মা বাবারা হিমসিম খেয়ে যাচ্ছেন। শহরে যে হারে প্রতি বছর জনসংখ্যা বাড়ছে, সে হারে বাড়ছে না স্কুলের সংখ্যা।
এই কারনেই হয়ত ঢাকা শহরের প্রতিটি পাড়া-মহল্লায় প্রতি মাসেই জন্ম হচ্ছে বেসরকারী কিন্ডারগার্টেনের। এটা এখন একটা ভালো ব্যবসায় পরিণত হয়েছে। শহরের যে কোন স্থানে একটি বাড়ী ভাড়া নিয়ে, যে কোন লোক, একটি কিন্ডারগার্টেন খুলতে পারেন। অত্যন্ত অল্প বিনিয়োগে একটি লাভজনক ব্যবসায় দাঁড়িয়েছে এটি। অত্যন্ত উচ্চ বেতন ছাড়াও ইউনিফর্ম, স্বাস্থ্য পরিচর্যা, শিক্ষা সফর, খেলাধূলা, যাতায়াত, গ্রন্থাগার ইত্যাদির নাম করে প্রতি মাসে শিক্ষার্থীর অভিভাবকদের কাছ থেকে পাঁচশ থেকে হাজার টাকা পর্যন্ত আদায় করা হয় এসব প্রতিষ্ঠানে। অনেকে আবার ডোনেশনের মাধ্যমে বেশ কয়েক লক্ষ টাকা বাড়তি আয় করে থাকে। কিন্ডারগার্টেনগুলো বোর্ডের নির্দিষ্ট সিলেবাস অনুযায়ী পড়াশোনা করায় না বলে, পরে শিক্ষার্থীদের সমস্যায় পড়তে হয়।
কয়েক বছর আগে,কিন্ডারগার্টেন স্কুল সম্বন্ধে একটি জরিপের রিপোর্টে এদের প্রকৃত তত্ত্বাবধান ও পরিচালনার জন্য একটি নিয়ন্ত্রণকারী সংস্থা স্থাপনের প্রস্তাব করা হয়। এতে বলা হয় যে এদের বোর্ড অনুমোদিত সিলেবাস অনুসরণে বাধ্য করতে হবে। মান উন্নয়নের জন্য শিক্ষকদের যোগ্যতা যাচাই আর প্রশিক্ষণের ব্যবস্থা করা প্রয়োজন। ছাত্রছাত্রীদের বেতন আর অন্যান্য আনুষাঙ্গিক খরচও কঠোর ভাবে নিয়ন্ত্রণ করা দরকার। অন্যথায়, শিক্ষা দিন দিন ব্যয়বহুল বিনিয়োগে পরিণত হবে।
এলাকাভিত্তিক জনসংখ্যা অনুপাতে ভালো স্কুল গড়ে তোলার ব্যাপক পরিকল্পনা নিয়ে অগ্রসর হলে, শিশুদের সুষ্ঠু শিক্ষাদানের সমস্যা বেশ কিছুটা সমাধানের পথ পাবে।

### B5 MCQ Comprehension [14]
বহু বিকল্প বোধজ্ঞান

প্রত্যেকটি প্রশ্নের চারটি সম্ভাব্য উত্তর দেওয়া আছে। সঠিক উত্তরটি বেছে নিয়ে তার সংখ্যাটি উত্তর-পত্রে লেখ।

**26** ডিসেম্বর জানুয়ারী মাসে ঢাকার রাস্তায় কি দেখা যায়?

1 রং বেরঙের কাপড় পরা অভিভাবকদের ভীড়
2 কিন্ডারগার্টেন ও স্কুলগুলি পোস্টারে ঢাকা থাকে
3 স্কুল ও কিন্ডারগর্টেনে ভর্তির জন্য পোস্টার
4 রাস্তার মোড়ে ও দেওয়ালের পাশে লক্ষ লক্ষ শিশুর ভীড়

**27** পোষ্টারে কি প্রচার করা হয়?

1 নানা স্কুলের বিজ্ঞাপন
2 রং বেরঙের কাপড়ের বিজ্ঞাপন
3 স্কুলের সংখ্যা বাড়াবার বিজ্ঞাপন
4 জন সংখ্যা কমাবার বিজ্ঞাপন

© UCLES 2004

www.theallpapers.com

**28** বেসরকারী স্কুলগুলি এখন ভাল ব্যবসা, কারণ -

1 অল্প বিনিয়োগে অনেক লাভ হয়
2 স্কুলের জন্য ঘরভাড়া দিতে হয় না
3 অনেক টাকা ব্যয় করা হয়না
4 শিক্ষার্থীদের স্বাস্থ্য পরিচর্যা, শিক্ষাসফর, খেলাধূলা, গ্রন্থাগার ইত্যাদির কোন ব্যবস্থা করা হয় না

**29** বেতন ছাড়াও কি ভাবে এরা টাকা আয় করে?

1 বাড়ী ভাড়া দিয়ে
2 বই বিক্রি করে
3 চাঁদা বা ডোনেশন আদায় করে
4 জরিমানা আদায় করে

**30** কেন সব কিন্ডারগার্টেনে একই রকম পড়ানো হয় না?

1 শিক্ষকদের যোগ্যতা সমান না
2 মা বাবা এক সিলেবাস পছন্দ করেন না
3 অনেক বেশী ছাত্র
4 বোর্ডের সিলেবাস অনুযায়ী পড়ানো হয় না

**31** এদের মান বাড়ানোর জন্য কি করা দরকার?

1 সিলেবাস বদলাতে হবে
2 শিক্ষকদের নতুন করে প্রশিক্ষণ নিতে হবে
3 ছাত্রছাত্রীদের বেতন ও আনুষাঙ্গিক খরচ বাড়াতে হবে
4 শিক্ষকদের পেছনে বিনিয়োগ বাড়াতে হবে

**32** ভর্তি সমস্যা কমাবার জন্য সরকার কি করতে পারে?

1 ছাত্রদের সংখ্যা কমাতে পারে
2 শিক্ষদের বেতন বাড়াতে পারে
3 জনসংখ্যা হিসাবে প্রত্যেক এলাকায় স্কুলের সংখ্যা বৃদ্ধি করতে পারে
4 বেসরকারী স্কুলগুলি বন্ধ করে দিতে পারে

© UCLES 2004

www.theallpapers.com

## Section C

বিভাগ গ

**নিচের লেখাটি ভাল করে পড়ে যথা সম্ভব নিজের ভাষায় আর সম্পূর্ণ বাক্যে প্রশ্নগুলির উত্তর দাও।**

পৃথিবীর যে কোন দেশে বড় বড় শহরগুলিতে মিউজিয়াম একটি বিশেষ দর্শনীয় বস্তু। এখানে আমরা পুরাতন সভ্যতার সঙ্গে পরিচিত হই। অতীত আর বর্তমানের যোগসূত্র হলো মিউজিয়াম।
মিউজিয়ামকে আমরা বলি জাদুঘর। পুরনো সব নিদর্শন দেখে লোকে মজা পেত আর অবাক হতো বলেই বোধহয় মুখে মুখে জাদুঘর নামটা প্রচলিত হয়েছে।
জাদুঘর আসলে একটি জ্ঞানভাণ্ডার। সেখানে থাকে বিশেষ বিশেষ নিদর্শন। প্রাগৈতিহাসিক বা ঐতিহাসিক থেকে শুরু করে নৃতাত্ত্বিক, সমাজতাত্ত্বিক, সাংস্কৃতিক - একসঙ্গে অনেক বিষয় বা কেবল একটি বিষয়ের ওপরও এই রকমের সংগ্রহশালা হতে পারে।
জনশিক্ষার দিকে নজর রেখেই জাদুঘর তৈরী করা হয়। বই পড়ে জানা আর জাদুঘর দেখে জ্ঞান লাভ করার মধ্যে অনেক তফাত আছে। প্রথমতঃ, সবাই সব বইয়ের নাগাল পায়না। দ্বিতীয়তঃ, যাদের বই পড়ে সব কিছু জানার সুযোগ নেই, তাদের জানবার পক্ষে জাদুঘর আদর্শ স্থান। তৃতীয়তঃ, যাঁরা বিশেষজ্ঞ তাঁরা অনেক কিছু ঘেঁটে, সার জিনিসগুলো এখানে প্রদর্শনীর উপযুক্ত করে তুলে ধরেন। চতুর্থতঃ, জাদুঘরে সুশিক্ষিত গাইডরা থাকেন। সহজবোধ্য ভাষায় তাঁরা সব কিছু বুঝিয়ে দেন।
কলকাতার জাদুঘরের পত্তন হঠাৎ করে ঘটে। ১৯০৮ সালে ডেনমার্কের এক ডাক্তার কি ভাবে যেন এসে পড়েছিলেন কলকাতায়। কিছুদিনের মধ্যে ইংরেজদের সঙ্গে ডেনদের যুদ্ধ বেধে যাওয়ায় ভদ্রলোককে বন্দী করে শ্রীরামপুরে রাখা হলো। দেশ থেকে আসবার সময় তিনি দেখে এসেছিলেন সেখানে এক জাদুঘর প্রতিষ্ঠিত হয়েছে। বন্দী অবস্থায় তাঁর স্বপ্ন হলো কলকাতায়ও একটা জাদুঘর গড়ে তোলার। তিনি চিঠি লিখলেন এশিয়াটিক সোসাইটিকে। সোসাইটি জাদুঘর খুলতে রাজী হলো।
পত্তন হলো কলকাতার জাদুঘর। আর ডেনমার্কের সেই বন্দী সাহেব নাথানিয়েল ওয়ালিস - তিনিই হলেন জাদুঘরের প্রথম কিউরেটার। যার কাছে যা আছে তাই এনে সবাই এখানে জমা করতে লাগল। কেউ আনল রকমারি মূর্তি, কেউ আনল আদ্যিকালের হাতিয়ার। সেই সঙ্গে খনিজ পাথর, উল্কাপিণ্ড, মুদ্রা আর আদিবাসীদের হাতের কাজ। বিষয় অনুযায়ী ভাগ করে, পরে এগুলো সাজানো গোছানো হয়েছে। কিন্তু বহু জিনিস একটি জাদুঘরে থাকায় দর্শকদের যেমন সুবিধা হয়, তেমন অসুবিধাও কম নয়। দ্রষ্টব্যের ভীড়ে অনেক কথাই মনের মধ্যে হারিয়ে যায়। লন্ডনের বিশ্ববিখ্যাত বৃটিশ মিউজিয়াম এর একটি উদাহরণ। এখানে বিভিন্ন বিষয়ে সংরক্ষিত হাজার হাজার নিদর্শনগুলি ভাল ভাবে দেখতে গেলে অনেক সময় লাগে আর পরে সব কিছু মনে রাখাও সম্ভব না।
জাদুঘরের কায়দাকানুনও এখন অনেক উন্নত হয়েছে। নিদর্শন ছাড়াও বক্তব্য বস্তুকে মডেলে, ছবিতে, কম্পিউটার স্ক্রীনে অনেক বেশী জীবন্ত করে দেখানো হয়। এমন কি গাইড ছাড়াও নিজে বোতাম টিপে বহু জ্ঞাতব্য জিনিস জানা যায়। এক কথায়, শিল্পসংস্কৃতির জগতে জাদুঘরবিদ্যা বর্তমানে এমন এক স্থান দখল করে নিয়েছে যা সাধারণ মানুষের কাছে জানবার জিনিসকে করে তুলেছে একই সঙ্গে সহজবোধ্য আর আনন্দদায়ক।


www.theallpapers.com

## C6 OE Comprehension [36]

বোধজ্ঞানের মুক্ত প্রশ্ন

33 লেখক কেন মিউজিয়ামকে একটি বিশেষ দর্শনীয় স্থান বলে মনে করেন? মিউজিয়ামকে বাংলায় কি বলা হয় এবং কেন?

34 মিউজিয়ামের মাধ্যমে কি ভাবে শিক্ষা বিস্তার হয়? চারটি বিষয় লেখ।

35 কলকাতার জাদুঘরের সূচনা কি ভাবে হয় বর্ণনা কর।

36 কলকাতা জাদুঘর স্থাপনের পর লোকে এখানে কি কি জমা করতে লাগল?

37 ব্রিটিশ মিউজিয়াম সম্পর্কে উপরের লেখা থেকে কি জানা যায়?

38 আধুনিক যাদুঘরে যে সব পরিবর্তন দেখা যায় তার মধ্যে চারটি বিষয়ে লেখ।

## C7 Vocabulary [10]

শব্দার্থ

উপরের লেখায় দেওয়া নিচের শব্দগুলির অর্থ লেখ।

39 প্রাগৈতিহাসিক
40 সংগ্রহশালা
41 সহজবোধ্য
42 পত্তন
43 জ্ঞাতব্য

**End of Paper**

*Copyright Acknowledgements:*

Section C. © G. Banerjee and S. Mukherjee. *Museum*. Reproduced by permission of Orient Longman.

Every reasonable effort has been made to trace all copyright holders. The publishers would be pleased to hear from anyone whose rights we have unwittingly infringed.

University of Cambridge International Examinations is part of the University of Cambridge Local Examinations Syndicate (UCLES), which is itself a department of the University of Cambridge.



www.theallpapers.com